



## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এনএসসি টাওয়ার (১২তলা)

৬২/৩ পুরানা পল্টন

ঢাকা-১০০০।

এমআরএ/রেগুলেশন সার্কুলার নং-২/২০০৯

তারিখ: ০৪ ভাদ্র ১৪১৬ বাংলা।  
১৯ আগস্ট ২০০৯ ইংরেজী।

সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান  
খুলনা / সাতক্ষীরা / বাগেরহাট /  
বরগুনা / ভোলা / পটুয়াখালী/  
নোয়াখালী / কক্সবাজার জেলা।

প্রিয় মহোদয়,

ঘূর্ণিঝড় আইলায় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহের ক্ষতিগ্রস্ত পরিবারসমূহে কৃষি ও ক্ষুদ্রঋণ আদায় স্থগিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি দেশের দক্ষিণাঞ্চলে ঘূর্ণিঝড় 'আইলা'য় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত কৃষি ও ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম স্থগিত রাখার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশ প্রদান করা হয়েছিল :

- ঘূর্ণিঝড় 'আইলা'য় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে সকল ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক বিতরণকৃত কৃষি ও ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম ২৮ জুন ২০০৯ থেকে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত থাকবে;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সকল অনাদায়ী ও আদায়যোগ্য পাওনা (খেলাপী ঋণসহ) পরবর্তী ০১(এক) বছরের জন্য পুনঃতফসিল করার ব্যবস্থা করতে হবে;
- নতুন ঋণ সুবিধার আওতায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সদস্যগণ যাতে দ্রুততম সময়ে ঋণ সুবিধা পেতে পারেন এবং কোনরূপ হয়রানির শিকার না হন সে লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।


এক্ষণে "সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহের" পরিবর্তে "সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহের ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের" ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্ত কার্যকর করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

এ নির্দেশ যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা তদারকির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে পাক্ষিক ভিত্তিতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহের উপজেলা ওয়ারী ঋণগ্রহীতার সংখ্যা ও স্থগিত ঋণের পরিমাণ (আসল ও সার্ভিস চার্জ আলাদাভাবে) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটিকে জানানোর জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

  
(মোঃ সাজ্জাদ হোসেন)  
পরিচালক  
ফোন: ৯৫৫৯৬১৬।